ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসা কমন সার্ভিস বিভাগের অধীন যোগাযোগ সেলের জন্য স্থায়ী দাদন বিল অনুমোদন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার কমন সার্ভিস বিভাগ এর আওতাধীন যোগাযোগ সেল কমন সার্ভিস বিভাগের আলাদা একটি শাখা। কর্তৃপক্ষের প্রায় ২৫০টি টিএন্ডটি এবং ৩০০টি পিএবিএক্স টেলিফোন সংযোগ অত্র শাখা থেকে নিয়ন্ত্রণ/রক্ষনাবেক্ষণ করা হয়। টিএন্ডটি এবং পিএবিএক্স মিলে প্রায় ৫৫০টি টেলিফোন সংযোগ ছাড়াও ৩৫০ লাইন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি পিএবিএক্স মেশিন নিয়ন্ত্রণ/রক্ষনাবেক্ষণ এর কাজ করতে গিয়ে দেখা যায় প্রতিনিয়ত কিছু না কিছু টেলিফোন যন্ত্রাংশ/সরঞ্জমাদি (যেমন- ক্যাবল, কর্ড, জয়েন্ট বক্স, বাটন মেরামত, আইসি মেরামত, আইসি ক্রয়, টেলিফোন মেরামত, টেলিফোন লাইন সার্ভিসিং, লক খোলা ইত্যাদি) ক্রয় করতে হয়।

০২। উক্ত কাজ ছাড়াও উর্ধ্বতন কর্মকর্তাদের টেলিফোন সেট
হঠাৎ নষ্ট হয়ে গেলে নিরবচ্ছিন্ন যোগাযোগ রক্ষার স্বার্থে তাৎক্ষনিক টেলিফোন সেট ক্রয় করার প্রয়োজন হয়ে পড়ে। এছাড়াও কোন একটি পিএবিএক্স নম্বর খুজে পাওয়া না গেলে বাইরে থেকে লোক এনে পিএবিএক্স মেশিনের প্রোগ্রামিং করার প্রয়োজন হয়। এতে তাদের পারিশ্রমিক বাবদ কিছু অর্থ ব্যয় হয়ে যায়। এতে দেখা যায় প্রতিমাসে কম বেশি ১০,০০০ টাকা ব্যয় হয়। উক্ত টাকা অস্থায়ী অগ্রীম হিসেবে উত্তোলন করে যোগাযোগ সেলের কাজের জন্য ব্যয় করা হয়। অস্থায়ী অগ্রীম অনুমোদন ও টাকা উত্তোলন সময়সাপেক্ষ ব্যাপার বিধায় তাৎক্ষনিক যোগাযোগ সেলের কাজ সম্পাদনের লক্ষ্যে যোগাযোগ সেলের জন্য স্থায়ী দাদন ব্যবস্থা অনুমোদন করা প্রয়োজন। এ স্থায়ী দাদন বিল প্রতিবারে ৪,০০০/- টাকা করে প্রতিমাসে সর্বোচ্চ ৩ বারে মোট (৪০০০×৩) =১২,০০০/- (বার হাজার) টাকা উত্তোলন করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে ঢাকা ওয়াসা কমন সার্ভিস বিভাগের অধীন যোগাযোগ শাখার দৈনন্দিন টেলিফোন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য প্রতিবারে ৪,০০০/- টাকা করে প্রতিমাসে ৩ বারে সর্বোচ্চ ১২,০০০/- (বার হাজার) টাকার একটি স্থায়ী দাদন বিল উত্তোলনের অগ্রিম অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে উক্ত স্থায়ী দাদান এর সমূদয় ব্যয় উপ-সচিব (কঃ সাঃ) পরিচালনা করবেন।

০৪। সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

৮/১০/১৮
মোঃ শাহ্ আলম
যোগাযোগ কর্মকর্তা
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা

AS (CS)

DS (CS)
এম, এম রিয়াদ হোসেন
উপ-সচিব (কঃসাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

৮/১০/১৮

সচিব / উবগাউ (প্রঃ)
মোঃ মাহমুদ হোসেন
উপ-সচিব

১১/১০/১৮

প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা

co note. Entertainment

৩। এবং মেইন্টেন্যান্স এর অফিসগুলো এমন সার্ভিসের অধীন যোগাযোগের কাজের দৈনন্দিন টেলিফোনের সংখ্যা ও নির্ভর করার নিমিত্ত স্থায়ী খরচ হিসেবে প্রতি মাসে সর্বোচ্চ ৳ ১,০০০ (এক হাজার) টাকার অগ্রিম উত্তোলনের জন্য পূর্ব অনুমোদন করা যেতে পারে।

১৭/২/১৯

ব্যবস্থাপনা পরিচালক

DMD(A)

Ok

19/2/19

২০/২/১৯

মোঃ মাহমুদ হোসেন
যুগ্ম-সচিব
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)
ঢাকা ওয়াসা।

প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

45(c3)